## Sanatan Dharma



**কালী**

আদ্যাশক্তি মহামায়া কালীরূপে জাগ্রতা হন। এই রূপে তিনি যেমন একাধারে ভয়ঙ্করী, অপরদিকে অভয়দায়িনী। কালী মন্ত্র জপ করে পুজো-অর্চনা করলে ফল পাওয়া যায়। কতকগুলি শক্তিশালী কালী মন্ত্র বদলে দিতে পারে আপনার জীবন।
কালী বীজ মন্ত্র - ওঁ ক্রীং কালী। এই মন্ত্র জপ করলে ব্যক্তি নেতিবাচক শক্তির প্রভাব থেকে মুক্তি পায়। এই মন্ত্র ব্যক্তিকে পূর্ণ জ্ঞান, শুভ শক্তি, আত্মার উন্নতি ও মুক্তি প্রদান করতে সক্ষম।
কালী মন্ত্র - ওঁ ক্রীং কালিকায়ৈ নমঃ। শাস্ত্র মতে কালীর এই মন্ত্র জপ করলে ব্যক্তি শুদ্ধ চেতনা লাভ করে।
কালিকায়ি মন্ত্র - ওঁ ক্লীং কালিকায়ি নমঃ। এই মন্ত্র ব্যক্তিকে সমস্ত ধরনের জটিলতার সমস্যা থেকে মুক্তি প্রদান করে। এই মন্ত্রের প্রভাবে ব্যক্তি সচেতন ও অন্তর্দৃষ্টিপূর্ণ চিন্তাভাবনার অধিকারী হন।
মহাকালী মন্ত্র - ওঁ শ্রী মহা কালিকায়ৈ নমঃ। এই মন্ত্র জপ করলে কালীর আশীর্বাদ পাওয়া যায়। এর পাশাপাশি ব্যক্তি শক্তি লাভ করে।
15 অক্ষরী কালী মন্ত্র:- ওঁ হ্রীং শ্রীং ক্লীং আদ্যা কালিকা পরমং ঈশ্বরী স্বাহা।
এই মন্ত্র জপ করলে ব্যক্তির আধ্যাত্মিক শক্তি দ্রুতহারে বৃদ্ধি পায়।
শ্রীশ্রীকালী গায়ত্রী:---
ওঁ কালিকায়ৈ বিদ্মহে শ্মশানবসিন্যৈ ধীমহি
তন্নো দেবী প্রচোদয়াৎ।।
পদার্থ:-

শ্মশানবাসিন্যৈ কালিকায়ৈ (নমঃ)= শ্মশানবাসিনী কালিকাকে নমস্কার করি;
(বয়ং ত্বাং)বিদ্মহে= আমরা তাঁহাকে জানি;
ধীমহি(ধ্যায়েম চ)= এবং ধ্যান করি;
(সা) দেবী= সেই প্রসিদ্ধা কালিকা দেবী;
তৎ(তৎপ্রীত্যর্থশুভকর্ম্মণি)= তদীয় প্রীতি উৎপাদক চতুর্বর্গসাধনরূপ শুভকর্ম্মে;
নঃ= আমাদিগকে বা আমাদের বুদ্ধিবৃত্তিকে;
প্রচোদয়াৎ(প্রচোদয়েৎ)= যথোচিত প্রেরণা দান করুন।
বঙ্গার্থ:-
শ্মশানবাসিনী কালিকাকে নমস্কার,
আমরা তাঁহাকে জানি এবং ধ্যান করি,
সেই প্রসিদ্ধা দেবী তাঁর উৎপাদক চতুর্বর্গ সাধনরূপ শুভকর্ম্মে সাধনে আমাদের বুদ্ধিবৃত্তিকে যথোচিত প্রেরণা দান করুন।
শাস্ত্র মতে এই মন্ত্র জপের প্রভাবে ব্যক্তির মনের উচ্চ অবস্থার পরিবর্তন লক্ষ্য করা যায়। কালীর পথ প্রদর্শনের ফলে ব্যক্তি একটি স্পষ্ট ও সতর্ক অবস্থানে প্রবেশ করে।
প্রার্থনা মন্ত্র - ওম কালী কালী মহাকালী কালীকে পাপহারিণী, ধর্মার্থমোক্ষদে দেবী নারায়ণী নমোস্তুতে। এই মন্ত্র ব্যক্তিকে অজ্ঞানতা ও মৃত্যুভয় থেকে মুক্তি দেয়।
তবে মনে রাখতে হবে, সকল ধরনের মন্ত্র জপ সকলের জন্য কিন্তু একেবারেই মঙ্গলজনক নয়। মহাকালীর অভূতপূর্ব তেজ ধারণ করা সকলের সাধ্য নয়।
তাই, শরীর-মন প্রস্তুত না থাকলে কখনওই মায়ের মন্ত্র জপ করা উচিৎ নয়। গুরু দ্বারা দীক্ষিত ব্যক্তিরাই কালী মন্ত্র জপ করবেন, নতুবা নয়।